



হেরি অহরহ তোমারি বিরহ  
অঙ্গল চক্রবতী  
ভারবি, কলকাতা  
১৫০ টাকা

## নতুন বউঠানকে নিয়ে

ওঁদের দু'জনের সম্পর্ক নিয়ে রয়েছে অনেক আলেখ্য। এখানে লেখক অঙ্গল চক্রবতী ধরেছেন আরেকটি আঙ্গিক। গেঁথেছেন বিরলগাথা। বইয়ের শিরোনামের সঙ্গে ক্যাচলাইন দিয়েছেন ‘কাদম্বরীবিরহে কবি চিত্তের বসবাস বৃত্তান্ত’— অর্থাৎ, নতুন বউঠান চলে যাওয়ার পর রবি-চিত্তের যে-ব্যাকুলতা, দুঃখ, কাতরতা— তারই একটা পরিচয় দিতে চেয়েছেন লেখক। তিনি যেভাবে ভেবেছেন, ‘কাদম্বরীবিরহ রবিকে রবীন্দ্রনাথ করে গড়ে তুলেছিল। আজীবন এই অশ্রু তাঁর বীণাবাদিনীর পাদপদ্মে টলমল করেছে। তাঁর কাব্যে গভীরভাবে কান পাতলে শোনা যাবে অশ্রুপাত্রের শব্দ। কবি মানসীর আয়নায় এমনভাবেই দেখেছিলাম রবীন্দ্রনাথকে।’ ছ’টি অধ্যায়ে ভাগ করেছেন গোটা লেখাটাকে। প্রতিটি অধ্যায়ের আলোচনা মনোগ্রাহী। রবীন্দ্রসৃষ্টিতে কীভাবে কাদম্বরীর ছায়া পড়েছে, তাই-ই উপজীব্য। চমৎকার বিশ্লেষণ। একেবারেই অ্যাকাডেমিক নয়। সরল ভাষায় লেখকের অনুভূতি ব্যক্ত হয়েছে বইটির প্রতি ছবে ছে।